



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University
পরীক্ষা বিভাগ, গাজীপুর-১৭০৫

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



বাউবি/পরীক্ষা/এইচএসসি/ফলাফল/১৩৪/৯৮/৭৪৭

তারিখ: ২৩/০২/২০২১

প্রাপক :

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

বিষয় : এইচ.এস.সি প্রোগ্রামে ভর্তির সময় শিক্ষার্থীদের চতুর্থ বিষয় নির্বাচন প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি প্রোগ্রামে অনেক শিক্ষার্থী আছে যারা ভর্তির সময় ঐচ্ছিক সংক্রান্ত বিষয় গুচ্ছ থেকে একটি চতুর্থ বিষয় নিয়েছে অথচ কোন্ বিষয়টি চতুর্থ হবে সেটা উল্লেখ না করায় তাদের চূড়ান্ত ফলাফল প্রকাশ করা সম্ভব হয়নি। ঐ সকল শিক্ষার্থীরা কোন্ বিষয়টি চতুর্থ বিষয় হিসাবে নিতে চায় সেটা পরীক্ষা বিভাগে অনলাইনের মাধ্যমে জানাতে হবে।

২। আগামীতে যাতে যে সকল শিক্ষার্থী চতুর্থ বিষয় নিবে তারা যেন উল্লেখ করে বিষয় নির্বাচন করে, সে বিষয়ে সকল স্টাডি সেন্টারকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

Handwritten signature
২৩/২/২১

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : অবগতি ও কার্যার্থে।

১। ডিন, ওপেন স্কুল, বাউবি।

২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।

৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সংরক্ষণ নথি।